


যুগান্তর

রাবিতে শিক্ষার্থীকে মারধর রুম ভাংচুর ছাত্রলীগের

প্রকাশ : ২৩ সেপ্টেম্বর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 রাজশাহী ব্যুরো

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) আবাসিক হলের ইন্টারনেট রাউটার থেকে নিজ রুমে ইন্টারনেট সংযোগকে কেন্দ্র করে শিক্ষার্থীর কক্ষ ভাংচুর ও মাদক সেবনের অভিযোগে এনে আরেক শিক্ষার্থীকে মারধরের অভিযোগ উঠেছে ছাত্রলীগের নেতাকর্মীদের বিরুদ্ধে। শুক্রবার রাত ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের শহীদ সোহরাওয়ার্দী হলে ৪১৫ নম্বর কক্ষ ভাংচুর করা হয়। রাত সাড়ে ১২টার দিকে মাদার বক্স হলে শিক্ষার্থীকে মারধর করে ছাত্রলীগ নেতারা। মারধরের শিকার আবদুর রহমান বিশ্ববিদ্যালয় রাষ্ট্রবিজ্ঞান বিভাগের তৃতীয়বর্ষের শিক্ষার্থী।

রাত সাড়ে ১২টার দিকে মাদার বক্স হলে আবদুর রহমান একই বিভাগের শিক্ষার্থী আশিকের কাছে মোট নিয়ে ফিরে আসার সময় বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের প্রশিক্ষণবিষয়ক সম্পাদক আসাদুল্লাহ হিল গালিব, শুভদেব ঘোষ ও তার সহযোগীরা গাঁজা সেবনের অভিযোগ তুলে ব্যাপক মারধর করে। এতে চোখে মারাত্মক আঘাত লাগে এবং তার মাথা ফেটে যায়।

মারধরের বিষয়টি অস্বীকার করে ছাত্রলীগ নেতা গালিব বলেন, ‘সেকেন্ড ব্লকের দ্বিতীয় তলায় কয়েকজন মিলে গাঁজা সেবন করছিল। বিষয়টি আমরা জানতে পেরে তাদের ধাওয়া দেই। এ সময় রাষ্ট্রবিজ্ঞান বিভাগের আবদুর রহমান দৌড়ানোর সময় পা পিছলে পড়ে গিয়ে চোখের কোণায় গুরুতর আঘাত পেয়েছে। রাবি ছাত্রলীগের সভাপতি গোলাম কিবরিয়া যুগান্তরকে বলেন, শুনেছি মাদক সেবনের অভিযোগে এক শিক্ষার্থীকে মারধর করে পুলিশে দিয়েছে। মাদার বক্স হলের প্রাধ্যক্ষ মো. আবদুল আলীম যুগান্তরকে বলেন, আবদুর রহমান নামের এক শিক্ষার্থীকে নেশা করার অভিযোগে ছাত্রলীগ মারধর করেছে। এতে তার মাথায় প্রচণ্ড আঘাত লাগায় বিশ্ববিদ্যালয় মেডিকেল প্রাথমিক চিকিৎসা দিয়ে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠিয়েছি। এর আগে রাত ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের শহীদ সোহরাওয়ার্দী হলে ইন্টারনেট সংযোগ নেয়াকে কেন্দ্র করে এক শিক্ষার্থীর কক্ষ ভাংচুর করে শাখা ছাত্রলীগের সহ-সম্পাদক ও আইন বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী আরমান কায়সার আবি। আর ভুক্তভোগী জীবন জোয়ারদার রাষ্ট্রবিজ্ঞান বিভাগের মাস্টার্সের শিক্ষার্থী ও হলের ৪১৫ নম্বর কক্ষের আবাসিক ছাত্র। ভাংচুরের বিষয়টি স্বীকার করে আবি বলেন, ইন্টারনেট সংযোগের বিষয়ে জীবনের সঙ্গে আমার কথা কাটাকাটি হয়েছিল। পরে ছোট ভাইদের নিয়ে তার কক্ষে গেলে তাকে কক্ষে না পেয়ে ছোট ভাইয়েরা কক্ষ ভাংচুর চালিয়েছে। প্রাধ্যক্ষ অধ্যাপক এম আনিসুর রহমান বলেন, একজন শিক্ষার্থী আরেকজন শিক্ষার্থীর কক্ষ ভাংচুর করবে সেটা কোনোভাবেই কামা নয়। আমার মেয়াদ শেষ হয়েছে। কালকে (আজ) নতুন প্রাধ্যক্ষ আসবেন, তখন বিষয়টি দেখবেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।